

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য ভবন  
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা  
[www.masscommunication.gov.bd](http://www.masscommunication.gov.bd)

নং- ১৫.৫৬.০০০০.০০২.১৬.৯৫.১৫-(পাট-১)/২৮৫৮

তারিখ ২৬.১১.২০২০


বিষয় : তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত নভেম্বর-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উনুজ বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে নভেম্বর-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী : জনমত প্রতিবেদন এক প্রস্তু।

  
২৬/১১/২০

(আকতার হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন : ৮৩০০৬৪০

[dgmasscommunication@yahoo.com](mailto:dgmasscommunication@yahoo.com)

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ:

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (জনমত প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

## নভেম্বর-২০২০ (১ম পক্ষ)

### ● জনমত শিরোনাম

- করোনার সম্ভাব্য দ্বিতীয় ঢেউ প্রতিরোধে সতর্কতা আরোপ। করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্বারোপ
- চলতি মৌসুমে আমন ধানের বাষ্পার ফলনের আশাবাদ কৃষকের
- বাজারে নিত্যপণ্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে ভোক্তাসাধারণের গুরুত্বারোপ। শীতকালীন সবজির সরবরাহ বাড়ছে
- সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

চলমান পাতা - ২



☐ করোনার সম্ভাব্য দ্বিতীয় ঢেউ প্রতিরোধে সতর্কতা আরোপ। করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্বারোপ।

• শীত মৌসুমে দেশে করোনার প্রকোপ বাড়তে পারে। শীত মৌসুম শুরু হওয়ায় ঠান্ডা, কাঁশি ও জ্বরের প্রকোপও বাড়ছে। শীত মৌসুম পুরোপুরি শুরু হলে দেশে করোনাভাইরাসের সম্ভাব্য দ্বিতীয় ঢেউ প্রতিরোধ করতে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে। এ লক্ষ্যে সরকারি-বেসরকারি সব প্রতিষ্ঠানে সেবা গ্রহীতাসহ সকলের মাস্ক পরিধান নিশ্চিত করতে যথোচিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিভাগ, স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনী এবং তথ্য অফিসসমূহ সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

☐ চলতি মৌসুমে আমন ধানের বাম্পার ফলনের আশাবাদ কৃষকের।

• আবহাওয়া অনুকূল থাকায় চলতি মৌসুমে দেশের বিভিন্ন স্থানে আমন ধানের ভালো ফলন হয়েছে বলে জানা গেছে। ইতোমধ্যে কোথাও কোথাও ধানকাটা শুরু হয়ে গেছে বলে জনমতে প্রকাশ। যথাসময়ে কৃষকদের দোরগোড়ায় প্রয়োজনীয় সার, কীটনাশক ও অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ করায় আমন ধানের বাম্পার ফলনের প্রত্যাশা ব্যক্ত করেছে দেশের কৃষকসমাজ।

☐ বাজারে নিত্যপণ্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে ভোক্তাসাধারণের গুরুত্বারোপ। শীতকালীন সবজির সরবরাহ বাড়ছে

• বাজারে চাল, ভোজ্যতেলসহ কয়েকটি পণ্যের উর্ধ্বগতি পরিলক্ষিত হচ্ছে বলে জনমতে প্রকাশ। একইসঙ্গে, খুচরা বাজারে মাছ, মাংস, মুরগি, আলু ও পেঁয়াজের দাম নিয়ন্ত্রণে সরকারের কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেছে ভোক্তাসাধারণ।

• এছাড়া, বাজারে শীতকালীন বিভিন্ন সবজির সরবরাহ বাড়লেও দাম একটু বেশি বলে জনমতে জানা গেছে। সীমিত আয়ের মানুষের দৈনন্দিন সবজির চাহিদা পূরণে বাজারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরদারি প্রত্যাশা করেছে ভোক্তাসাধারণ।

*Shuh*


☐ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

• দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। এছাড়া জঙ্গিবাদ ও সন্ত্রাস দমন, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং সহিংসতা ও নাশকতা প্রতিরোধের লক্ষ্যে আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিতভাবে কাজ করে যাচ্ছে। তাছাড়া সীমান্তবর্তী এলাকায় মাদকদ্রব্যের চোরাচালান বন্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতা অব্যাহত রাখা প্রয়োজন বলে জনগণ অভিমত প্রকাশ করেছে।

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/ প্রতিমা



শুকলা বনিক  
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



২৬/১১/২০

আকতার হোসেন  
মহাপরিচালক (চলতি দায়িত্ব)  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয়